




ISO-9001:2015 Certified



গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি

কারারগাতী, গোপালগঞ্জ।

টেলিফোন নং-০২৬৬৮৫৭১৪, ০২৬৬৮৫৫৭৮

E-mail:gopalganj_pbs@yahoo.com

Web site: www.pbs.gopalganj.gov.bd



স্মারক নং-২৭.১২.৩৫৩২.৫৫৫.০২.০২১.২২. ৪৯২৮

তারিখঃ- ০২ কার্তিক, ১৪২৯ বঙ্গাব্দ।
১৮ অক্টোবর, ২০২২ খ্রিষ্টাব্দ।

“ রিটেইনার ডাক্তার নিয়োগ বিজ্ঞপ্তি ”

গোপালগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির কোটালীপাড়া জোনাল অফিস এর কর্মকর্তা/ কর্মচারীগণের চিকিৎসা সুবিধা প্রদানের জন্য নিম্নে বর্ণিত শর্ত সাপেক্ষে ০১ জন “রিটেইনার ডাক্তার (চুক্তিভিত্তিক)” নিয়োগের জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।

শর্তাবলীঃ

- ০১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং যে কোন স্বীকৃত মেডিকেল কলেজ হতে এম,বি,বি,এস পাশসহ নিবন্ধিত চিকিৎসক হতে হবে।
- ০২। প্রার্থী কোন সরকারী/ আধা সরকারী/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে মেডিকেল অফিসার পদে চাকুরীতে থাকলে বিনা আপত্তির সনদ/ সুপারিশ সহ আবেদন করতে হবে। এছাড়া সংশ্লিষ্ট অফিস সংলগ্ন স্থানে চাকুরী করতে হবে অথবা চেম্বার থাকতে হবে।
- ০৩। আলোচ্য পদে ০৩ (তিন) বৎসরের জন্য (চুক্তিভিত্তিক) নিয়োগ করা হবে। তবে চুক্তিশেষে একই শর্তে পুনঃচুক্তি হতে পারে।
- ০৪। সপ্তাহে ০১ (এক) দিন অফিস চলাকালীন সময়ে ন্যূনতম ১ ঘণ্টার জন্য সমিতির কোটালীপাড়া জোনাল অফিসে এসে কর্মকর্তা/ কর্মচারী ও তাঁদের পরিবার-পরিজনকে চিকিৎসা সুবিধা প্রদান করতে হবে। অফিসে উপস্থিত থাকার জন্য কোন প্রকার ডিএ/ ডিএ প্রদান করা হবে না।
- ০৫। ব্যক্তিগত চেম্বারে সমিতির যে কোন কর্মকর্তা/কর্মচারী ও তাঁদের পরিবার-পরিজনের উল্লেখিত নির্দিষ্ট ০১ (এক) দিন ব্যতিত সপ্তাহের অন্যান্য দিন চিকিৎসার জন্য যেতে পারবেন। এজন্য কোন পৃথক ভিজিট বা ফি দেয়া হবে না।
- ০৬। দুর্ঘটনা বা যেকোন জরুরী প্রয়োজনে সমিতির ভৌগোলিক এলাকাস্থ যে কোন স্থানে কর্তৃপক্ষের অনুরোধক্রমে যে কোন সময়ে যেতে হতে পারে (এক্ষেত্রে যাতায়াত ভাতা/ ফি দেওয়া হবে)।
- ০৭। বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক অনুমোদিত হারে ও সমিতি বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী ৮০০০.০০ (আট হাজার) মাসিক রিটেইনার ফি প্রদান করা হবে।
- ০৮। নির্ধারিত মেয়াদের পূর্বে নিয়োগ চুক্তি বাতিল করতে হলে উভয় পক্ষকে কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের পূর্বে নোটিশ প্রদান করতে হবে।
- ০৯। রিটেইনার ডাক্তার হিসেবে অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে নিযুক্ত থাকা যাবে না।

উপর্যুক্ত শর্তাবলীর আলোকে যারা আলোচ্য পদে নিয়োগ লাভে ইচ্ছুক তাদেরকে সাদা কাগজে নিম্নে বর্ণিত তথ্যাদি সহ আগামী ০৯/১১/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে আবেদন পত্র জমা প্রদানের জন্য অনুরোধ করা হল।

চলমান পৃষ্ঠা-০২-

G:\Sabina\Doctor-2020\Doctor.docx


G:\Sabina\Doctor-2020\Doctor.docx

- (ক) আবেদনকারীর নামঃ
- (খ) মাতার নামঃ
- (গ) পিতার নামঃ
- (ঘ) স্থায়ী ঠিকানাঃ
- (ঙ) বর্তমান ঠিকানাঃ
- (চ) জন্ম তারিখঃ
- (ছ) বয়স (০৯/১১/২০২২ খ্রিঃ তারিখে):
- (জ) জাতীয়তাঃ
- (ঝ) ধর্মঃ
- (ঞ) শিক্ষাগত যোগ্যতাঃ
- (ট) নাগরিকত্বের সনদ পত্রঃ
- (ঠ) মেডিকেল অফিসার হিসেবে অভিজ্ঞতাঃ
- (ড) স্থানীয় স্ব-শাসিত অথবা অন্য কোন প্রতিষ্ঠানে রিটেইনার ডাক্তার পদে বর্তমানে নিয়োজিত থাকলে তার পূর্ণ বিবরণঃ
- (ঢ) চাকুরীরত থাকলে তাহার বিবরণঃ
- (ণ) সাম্প্রতিকালের তোলা দুই কপি পাসপোর্ট সাইজের রঞ্জিন ছবিঃ
- (ত) সকল সনদপত্রের ফটোকপি ও ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

১০। অত্র শর্তাবলীতে উল্লেখ নেই এমন বিষয়ে পবিস ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত।


১১। পবিস কর্তৃপক্ষ যে কোন বা সকল আবেদনপত্র বাতিল করতে পারবেন।

উপর্যুক্ত তথ্যাদির বিপরীতে প্রয়োজনীয় কাগজপত্র ও শিক্ষাগত যোগ্যতার সনদ সমূহ, ছবি এবং ইউপি/ পৌরসভার নাগরিকত্বের সনদ পত্র/ জাতীয় পরিচয়পত্র আবেদনের সাথে জমা প্রদান করতে হবে। অসম্পূর্ণ/ ত্রুটিপূর্ণ আবেদন পত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।


18/10/22
(মোঃ হাদিউজ্জামান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থার জন্য অনুরোধ জানানো হলো) ।

- ১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা ।
- ২। জেলা প্রশাসক/পুলিশ সুপার, গোপালগঞ্জ।
- ৩। সিনিয়র জেনারেল ম্যানেজার/ জেনারেল ম্যানেজার ----- পবিস-১/২/৩/৪।
- ৪। সিভিল সার্জন, গোপালগঞ্জ।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, কোটালীপাড়া, গোপালগঞ্জ।
- ৬। মাননীয় মেয়র, কোটালীপাড়া পৌরসভা, গোপালগঞ্জ ।
- ৭। ডিজিএম, কোটালীপাড়া জোনাল অফিস, গোপবিস।
- ৮। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা-কোটালীপাড়া হাসপাতাল।
- ৯। এজিএম (অর্থ), গোপবিস।
- ১০। নোটিশ বোর্ড-সদর দপ্তর/কোটালীপাড়া জোনাল অফিস, গোপবিস।


18/10/22
(মোঃ হাদিউজ্জামান)
জেনারেল ম্যানেজার

 - 